শেখ হাসিনার উদ্যোগ

# নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি

রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণা

টেলিফোনঃ ০৯৫১-৬১৩৫৩, ০৯৫১-৬১৮৯৯, ই-মেইলঃ netrokonapbs@gmail.com

মুজিব শতবর্ষ
পল্লী বিদ্যুতের সেবা বর্ষ

স্মারক নং-২৭.১২.৭২০০.৫৪৫.০২.০০৮.২৪. ২৭৭৭

তারিখঃ ১২ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
২৬/০৬/২০২৪খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি"

নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতিতে নিম্ন বর্ণিত শূন্য পদে লোকবল নিয়োগ ও প্যানেল তৈরীর নিমিত্তে পদের পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন আগ্রহী বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্ন বর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতাসহ প্রয়োজনীয় দক্ষতা | যে জেলার প্রার্থী আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|---|
| ০১ | সহকারী ক্যাশিয়ার (মহিলাদের জন্য সংরক্ষিত) | ০৬ জন (কম/বেশী হতে পারে) | পবিস বেতন কাঠামো২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৮,৩০০/- হতে ৪৬,২৪০/- টাকা এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | বয়স ২৫/০৭/২০২৪ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ বছর/সর্বোচ্চ ৩০ বছর (বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/ নাতি/ নাতনীর ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য) | (ক) প্রার্থীকে কমপক্ষে এইচ,এস,সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। এস,এস,সি/সমমান ও এইচ, এস, সি/সমমান পরীক্ষায় কমপক্ষে জিপিএ ন্যূনতম ৩.০০ (জিপিএ-৫.০০ এর মধ্যে) থাকতে হবে। গণিতে দক্ষতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>(খ) প্রার্থীকে অফিস যন্ত্রপাতি পরিচালনায় দক্ষতা এবং কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান ও সনদ থাকা বাধ্যতামূলক।<br>(গ) বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০ (দশ) ও ইংরেজিতে প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করার সক্ষমতা থাকতে হবে।<br>(ঘ) প্রার্থীকে অবশ্যই ভদ্র, বিনয়ী ও প্রফুল্ল চিত্তে জনসাধারণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে।<br>(ঙ) প্রার্থীকে উত্তম পারিবারিক ঐতিহ্য ও ন্যূনতম আর্থিক স্বচ্ছলতার অধিকারী হতে হবে। নিয়োগ প্রদানের পূর্বে পবিস কর্তৃক পারিবারিক স্বচ্ছলতা সরেজমিনে পরিদর্শনপূর্বক যাচাই করা হবে।<br>(চ) প্রার্থীকে সমিতির অনুকূলে ২০,০০০/- (বিশ হাজার) টাকা ক্যাশ সিকিউরিটি ডিপোজিট হিসেবে জমা প্রদানে সামর্থ্য থাকতে হবে। যা সন্তোষজনকভাবে চাকুরী সমাপ্তির পর সুদসহ ফেরত প্রদান করা হবে। | বাগেরহাট, বরগুনা, বরিশাল, ভোলা, বগুড়া, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, চাঁপাইনবাবগঞ্জ, চট্টগ্রাম, চুয়াডাঙ্গা, কুমিল্লা, কক্সবাজার, ঢাকা, দিনাজপুর, ফরিদপুর, ফেনী, গাইবান্ধা, গাজীপুর, গোপালগঞ্জ, হবিগঞ্জ, যশোর, ঝালকাঠি, জয়পুরহাট, খাগড়াছড়ি, খুলনা, কুড়িগ্রাম, কুষ্টিয়া, লক্ষীপুর, মাদারীপুর, মানিকগঞ্জ, মৌলভীবাজার, মুন্সীগঞ্জ, নওগাঁ, নড়াইল, নারায়নগঞ্জ, নাটোর, নীলফামারী, নোয়াখালী, পাবনা, পঞ্চগড়, পটুয়াখালী, পিরোজপুর,রাজবাড়ী, রাঙ্গামাটি, রংপুর, সাতক্ষীরা, শরিয়তপুর, সিরাজগঞ্জ, সুনামগঞ্জ (ধর্মপাশা ও মধ্যনগর উপজেলার অত্র পবিস এর ভৌগলিক এলাকার প্রার্থী ব্যতিত) , সিলেট, টাঙ্গাইল |

**শর্তাবলীঃ**

১। আবেদনকারীগণকে নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েবসাইট (http://pbs.netrokona.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং পমাপস ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ২৫/০৭/২০২৪ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি,রাজেন্দ্রপুর, চল্লিশা,নেত্রকোণা এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। ওয়েব সাইট হতে ডাউনলোডকৃত আবেদন ফরম ব্যতিত সাদা কাগজে/টাইপকৃত/স্বাক্ষর ব্যতিত/অসম্পূর্ণ বা ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। ডাকযোগে বা কুরিয়ার সার্ভিস ব্যতিত সরাসরি কিংবা ২৫/০৭/২০২৪খ্রিঃ তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

২। প্রার্থীগণকে আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সমূহ সংযুক্ত করতঃ আবেদন করতে হবেঃ

(ক) ওয়েব সাইট হতে A-4 সাইজের কাগজে ডাউনলোডকৃত আবেদন ফরম;
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি (মার্কশীট/প্রশংসা পত্র গ্রহণযোগ্য হবে না);
(গ) সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি (ছবির পিছনে প্রার্থীর নাম লেখা থাকতে হবে);
(ঘ) কম্পিউটার প্রশিক্ষণ সংক্রান্ত সনদের সত্যায়িত অনুলিপি;
(ঙ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (মূলকপি);
(চ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি;
(ছ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (মূলকপি);
(জ) জেনারেল ম্যানেজার, নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ২০০ (দুইশত) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে। উল্লেখ্য যে, সত্যায়িত এর ক্ষেত্রে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা আবশ্যক।

৩। আগামী ২৫/০৭/২০২৪ খ্রিঃ তারিখ প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ বছর হতে সর্বোচ্চ ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/ নাতি/ নাতনীর ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। এই ক্ষেত্রে আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা) প্রার্থীদের সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৪। উত্তীর্ণ প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য "অন-প্রবেশন" এ নিয়োগ করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/পবিসের রিটেইনার চিকিৎসকের নিকট হতে সুস্থতার স্বাস্থ্যগত সার্টিফিকেট দাখিল করতে হবে। "অন-প্রবেশন" থাকাকালীন অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ, বাৎসরিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪ ও ৩০০-৫১ মোতাবেক) শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করণসহ মূল বেতন ও অন্যান্য প্রচলিত ভাতাদি প্রদান করা হবে। "অন-প্রবেশন" থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত না হলে অন-প্রবেশনের মেয়াদ পরবর্তী ০৬ (ছয়) মাস পর্যন্ত বর্ধিত করা যেতে পারে যা দুই বারের অধিক হবে না।

৫। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থা/পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬। ইতঃপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীকে উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই। বাংলাদেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হয়ে থাকলে আবেদন করার প্রয়োজন নাই।

৭। নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি এর কর্মকর্তা/কর্মচারীগণ এর প্রথম মাত্রায় রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) বা সমিতির কর্মচারীগণ-এর স্বামী/স্ত্রীর প্রথম মাত্রায় রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) এবং একইভাবে সমিতির বোর্ডের এলাকা পরিচালক/মহিলা পরিচালকগণ-এর প্রথম মাত্রায় রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) আবেদন করার প্রয়োজন নেই।

৮। প্রার্থীকে উত্তম পারিবারিক ঐতিহ্য ও ন্যূনতম আর্থিক স্বচ্ছলতার অধিকারী হতে হবে। সহকারী ক্যাশিয়ার পদে নিয়োগ প্রদানের পূর্বে পবিস ব্যবস্থাপনা কর্তৃক প্রার্থীর পারিবারিক স্বচ্ছলতা এবং পরিবারের অতীত ইতিহাস সরেজমিনে যাচাই-বাছাই করা হবে। যাচাই-বাছাই এর ক্ষেত্রে কোন অসঙ্গতি পাওয়া গেলে বর্ণিত পদে "অযোগ্য" বিবেচিত হবে।

৯। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না। উল্লেখ্য যে, নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিধি-বিধান প্রতিপালনে সরকারি সর্বশেষ নির্দেশনা প্রযোজ্য হবে।

১০। তথ্য গোপন করে যদি কেউ নিয়োগপ্রাপ্ত হন তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। পরীক্ষা/সাক্ষাৎকারে অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। নির্বাচনী পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই সকল শিক্ষাগত ও অন্যান্য সনদ পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১২। অসম্পূর্ণ আবেদন পত্র তথা নির্ধারিত আবেদনপত্র যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বেই বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

১৩। প্রার্থীদের লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

১৪। খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে।

১৫। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২৬/৬/২৪

(প্রকৌঃ মাসুম আহমেদ)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)
মোবাইল নং- ০১৭৬৯৪০০০৬০

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়। বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধসহ)

১। জেলা প্রশাসক, নেত্রকোণা/সুনামগঞ্জ।
২। পুলিশ সুপার, নেত্রকোণা/সুনামগঞ্জ।
৩। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
৪। পরিচালক, পবিস মানব সম্পদ /পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
৫। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি, বাপবিবো, ঢাকা-(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হল )
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ময়মনসিংহ জোন, বাপবিবোর্ড, ময়মনসিংহ।
৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার........পবিস-১ /২ /৩/৪
৮। নির্বাহী প্রকৌশলী, এসওডি,বাপবিবোর্ড,নেত্রকোণা।
৯। ডিজিএম, কারিগরী (সদর)/মদন/মোহনগঞ্জ/দূর্গাপুর/কেন্দুয়া/পূর্বধলা/কলমাকান্দা/বারহাট্টা জোনাল অফিস, নেত্রকোণা পবিস ।
১০। এজিএম (ওএন্ডএম/এম,এস/ অর্থ-হিসাব/ইএন্ডসি), নেত্রকোণা পবিস।
১১। এজিএম (প্রশাসন), নেত্রকোণা পবিস (বিজ্ঞপ্তিটি দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হল)।
১২। এজিএম (আইটি), নেত্রকোণা পবিস (ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হল )।
১৩। নোটিশ বোর্ড/ওয়েব সাইট (**http://pbs.netrokona.gov.bd**) নেত্রকোণা পবিস।
১৪। অফিস/মাষ্টার কপি।

২৬/৬/২৪

(প্রকৌঃ মাসুম আহমেদ)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

D:\এইচ আর বিভাগ\02-008 (নিয়োগ-পদোন্নতি-যোগদান).docx

# নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি

রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণা

ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১,তারিখ-১৭/০৪/২০১৪খ্রিঃ

নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি এর "সহকারী ক্যাশিয়ার" পদে প্যানেলভূক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম
( সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

জেনারেল ম্যানেজার
নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি
রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণা।

| |
|---|
| পাসপোর্ট সাইজের এক কপি রঙ্গিন ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে |

১.নিয়োগ বিজ্ঞপ্তি নং- ২৭.১২.৭২০০.৫৪৫.০২.০০৮.২৪. তারিখঃ- ২৬/০৬/২০২৪খ্রিঃ

২.আবেদনকৃত পদের নামঃ.......................................................................... ৩.পদের ধরণঃ..................................................
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

............................................................ ......................................................

৪. বিজ্ঞাপনের সূত্র /পত্রিকার নাম ৫. প্রকাশনার তারিখ

..................................................... ..............................................

৬. আবেদনকারীর পূর্ণ নাম ( বাংলায়) (ইংরেজীতে বড় হাতের অক্ষরে)

................................................... ........../........../...........( দিন/মাস/বছর)

৭. জন্ম তারিখ (এসএসসি পরীক্ষার সনদ অনুযায়ী) ৮. বয়স (২৫/০৭/২০২৪খ্রিঃ তারিখে )

.......................................................... .........................................................

৯. মাতার নাম ১০. পিতার নাম

..................................................... ......................................................

১১. ধর্ম ১২. জাতীয়তা

...................................................... ......................................................

১৩. নিজ জেলা ১৪. টেলিফোন/মুঠো ফোন নম্বর

১৫.বৈবাহিক অবস্থা : টিক (√ ) দিন ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটার সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√ ) দিনঃ

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা

☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধি ☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানাঃ

................................ .................................... ................................... ................................

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

D:\এইচ আর বিভাগ\নিয়োগের আবেদন 2020.docx

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগ পত্র ( নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

| ............................... | ................................... | ..................................... | ............................ |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

| ....................................... | ................................................. | ..................................... |
|---|---|---|
| ১৯. পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার নম্বর | ২০. পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মূল্য | ২১. ইস্যুর তারিখ |

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | বিভাগ/শ্রেণী/জিপিএ/সিজিপিএ | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | জিপিএ/সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/জিপিএ/সিজিপিএ | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে):

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে):

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় ( আত্মীয় ব্যতীত):

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/ মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

২৬. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে):

| কর্মরত পবিস এর নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি না ( হাঁ/না) জবাব হাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে | পবিস কর্মচারী চাকুরীবিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ ( গুরুদন্ড/লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে,একজন প্রার্থী হিসেবে উল্লিখিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/ পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবো/পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় সাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ০২ (দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক সরবরাহ করতে এবং মূল সনদ সমূহ প্রদর্শন করতে বাধ্য থাকবো।

| ................................................ | ..................................................... |
|---|---|
| তারিখ | আবেদনকারীর স্বাক্ষর |

নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি
রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণা

পাসপোর্ট সাইজের এক কপি রঙ্গিন ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে

লিখিত (এমসিকিউ/রচনামূলক)/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

# প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর : ---------------------------------------------------

পরীক্ষার তারিখ : ---------------------------------------------------

পরীক্ষার সময় : ---------------------------------------------------

পরীক্ষা কেন্দ্রের নাম : ---------------------------------------------------

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা : ---------------------------------------------------

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষরঃ ------------------------------------------------

(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয়)

পদের নামঃ------------------------------------------------------------------------------------------

প্রার্থীর নামঃ----------------------------------------------------------------------------------------

প্রার্থী যে ঠিকানায় প্রবেশ পত্র পেতে ইচ্ছুক -----------------------------------------------------------

-------------------------------------------------------------------------------------------------------

-------------------------------------------------------------------------------------------------------

-------------------------------------------------------------------------------------------------------

-------------------------------------------------------------------------------------------------------

## (প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশাবলী)

০১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।

০২। নির্ধারিত সময়ের অন্ততঃ ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ১০ (দশ) মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ/কেন্দ্র ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

০৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠোফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষেধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

০৫। চাকুরীর আবেদনপত্রের সঙ্গে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

০৭। উল্লিখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোন ধরণের অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষ পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।